

১) শূন্যস্থান পূরণ কর।

- ক) কবিতায় ছেলেটির নাম ভুলো।
খ) ছেলেটি লুকিয়ে থাকবে খাটের তলায়।
গ) নৌকোয় চড়ে ছেলেটির বাবা কলকাতায় যান।
ঘ) মায়ের কাছে ছেলেটি জানতে চায় কলকাতাতে বাবার কী আছে?
ঙ) বাবা চলে গেলে ছেলেটি কাঁদবে।

২) বাক্য রচনা কর।

- ক) মা — আমার মা খুব পরিশ্রমী।
খ) ফিরে — বাবা আজ তাড়াতাড়ি অফিস থেকে বাড়ী ফিরে এসেছেন।
গ) কাঁদা — মিতা কথায় কথায় কাঁদে।
ঘ) ঘাট — নদীর ঘাটে নৌকো বাঁধা থাকে।
ঙ) কিচ্ছু — বেয়াদব ছেলেটিকে কোনো কিচ্ছু বলা যায় না।

৩) নীচের বাক্যগুলির পাশে 'ঠিক' বা 'ভুল' লেখ।

- ক) ছেলেটিকে খুঁজতে রাঙির হয়ে যাবে। (ঠিক)
খ) ছেলেটির অভিমান তার মায়ের ওপর। (ভুল)
গ) বাবা না আসা পর্যন্ত ছেলেটি কোনো ওষুধ খাবে না। (ঠিক)
ঘ) ছেলেটির বাবা আর কলকাতায় যাবেন না। (ভুল)
ঙ) ছেলেটির অসুখ করলে সে আর দুস্থমি করবে না। (ভুল)

৪) নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

- ক) অভিমান কথার অর্থ কি?
উঃ অভিমান কথার অর্থ হল প্রিয়জনের কোনো কাজের জন্য ক্ষোভ বা মনের কষ্ট।
খ) ছেলেটির অভিমান হচ্ছে কেন?
উঃ ছেলেটির বাবা তাকে না নিয়ে কলকাতায় চলে যাচ্ছে। তাই ছেলেটির অভিমান হচ্ছে।
গ) ছেলেটি তার অভিমানের কথা কাকে বলছে?
উঃ ছেলেটি তার অভিমানের কথা তার মাকে বলছে।
ঘ) কী হলে ছেলেটি ওষুধ খাবে না?
উঃ জ্বর হলে ছেলেটি ওষুধ খাবে না।
ঙ) ছেলেটির বাবা তাকে সঙ্গে করে নিয়ে গেলে, সে কীভাবে থাকবে?
উঃ ছেলেটির বাবা তাকে সঙ্গে করে নিয়ে গেলে সে সব কথা শুনবে আর রাতে কাঁদবে না।